

চবি প্রশাসনকে পদত্যাগের আলটিমেটাম

চট্টগ্রাম
বিশ্ববিদ্যালয়
প্রতিনিধি

০৯ আগস্ট,
২০২৪ ১২:৫৫

শেয়ার

অ +

অ -



চাকসুতে আয়োজিত সংবাদ সম্মেলন। ছবি : কালের কণ্ঠ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আবু তাহের, প্রক্টরিয়াল বডি এবং আবাসিক হলগুলোর প্রভোস্টসহ

প্রশাসনের কর্তাব্যক্তিদের পদত্যাগের জন্য ২৪ ঘণ্টা সময় বেঁধে দিয়েছে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন।

আজ শুক্রবার (৯ আগস্ট) সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের চাকসুতে আয়োজিত এক সংবাদ সম্মেলনের মাধ্যমে এ তথ্য জানায় আন্দোলনের চবি সমন্বয়ক পরিষদ। সংবাদ সম্মেলনে তারা বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে পাঁচ দাবি তুলে ধরে। দাবিগুলো হলো :

১. ছাত্রলীগের সন্ত্রাসীরা শিক্ষার্থীদের ওপর নৃশংসভাবে হামলা চালানোর পরেও কোনো ব্যবস্থা না নেওয়ায় প্রক্টরিয়াল বডিকে, সাধারণ শিক্ষার্থীদের তাড়িয়ে দিয়ে ছাত্রলীগের অস্ত্রধারী ক্যাডারদের আবাসিক হলে আশ্রয় দেওয়ায় সব হল প্রভোস্টকে এবং এসব বিষয়ে নীরব ভূমিকা পালন করায় ভিসি ও প্রো-ভিসি (একাডেমিক ও প্রশাসনিক)-কে আজ দুপুর ১২টার মধ্যে পদত্যাগ করতে হবে।

২. নতুন প্রশাসন নিয়োগের ক্ষেত্রে চিহ্নিত দালাল (সন্ত্রাস ও স্বৈরাচারের সহযোগী, দুর্নীতিবাজ, অবৈধ উপায়ে নিয়োগকৃত)-দের পদায়ন করা যাবে না। এ ক্ষেত্রে আমাদের মতামতের ভিত্তিতে সবচেয়ে যোগ্য ব্যক্তিকে নিয়োগ দিতে হবে। পাশাপাশি গত দুই বছরে অবৈধ উপায়ে নিয়োগকৃত (অস্থায়ী) সব নিয়োগ বাতিল করতে হবে। ৩. দ্রুত হল খুলে দিয়ে ন্যায্যতার ভিত্তিতে সিট বারাদ দিতে হবে।

সে ক্ষেত্রে নতুন করে অনলাইনে ফরম দিতে হবে। আগের সংগৃহীত ফরম বাতিল বলে গণ্য হবে। ৪. অছাত্র, চিহ্নিত সন্ত্রাসীরা (তাদের তালিকা আমাদের নিকট সংগৃহীত আছে) আবাসিক হলে থাকতে পারবে না। ৫. নতুন প্রশাসনকে আগামী চার মাসের মধ্যে চাকসু নির্বাচনের ব্যবস্থা করতে হবে।

